দৈনিক বাংলা

তারিখ 17 OCT 1987
পৃষ্ঠা 1 কলাম 4

44

## ৮ মাস পরও ভার্সিটি পরীক্ষার ফল নেই

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের ১৯৮৫ সালের দ্বিতীয় বর্ষ অনার্স (কোর্স পদ্ধতি) পরীক্ষার ফল পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার প্রায় আট মাস পরেও প্রকাশিত হচ্ছে না। এতে করে বিপুল সংখ্যক পরীক্ষার্থীর মাঝে অনিশ্চয়তার সৃষ্টি হয়েছে।

১৯৮৫ সালের এ পরীক্ষা অনুষ্ঠিত হয় চলতি বছরের জানুয়ারী ফেব্রুয়ারী মাসে। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে বিভিন্ন বিভাগের সহস্রাধিক পরীক্ষার্থী এতে অংশ নেন। ইতিমধ্যেই এ সকল পরীক্ষার্থীর তৃতীয় বর্ষের কোর্সের প্রায় অর্ধেক শেষ হয়ে গেছে। আট মাসেও তাদের পরীক্ষার ফল প্রকাশিত না হওয়ায় পরীক্ষার্থীদের অনেকেই অনিশ্চয়তার মাঝে আছেন। কারণ পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পর অকৃতকার্য পরী

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### ৮ মাস পরও

(১ম পৃঃ পর)

ক্ষার্থীদের পুনরায় পূর্ববর্তী পরীক্ষায় বসতে হবে। তৃতীয় বর্ষের শেষ পর্যায়ে এসে পূর্বের পরীক্ষার জন্য আবার প্রস্তুতি নেয়া তাদের জন্য সমস্যা সৃষ্টি করবে।